আলমডাঙ্গা সরকারি ডিগ্রী

কলেজের উদ্যোগে স্বদেশ

প্রত্যাবর্তন দিবস পালন

আলমডাঙ্গা অফিসঃ আলমডাঙ্গা সরকারি ডিগ্রী কলেজের উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আজ সকাল ১১ ঘটিকার সময় থেকে র্যালী সহকারে উপজেলা চত্বরে বঙ্গবন্ধুর মু◌্যালে পুষ্পম◌াল্য অর্পণের মধ্য দিয়ে কর্মসূচি শুরু হয়। দুপুর ১২ টায় কলেজের হলরুমে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ প্রফেসর ডক্টর জে এম আব্দুর রকীব। সভার শুরুতে স্বাগত বক্তব্য রাখেন অনুষ্ঠানের আহ্বায়ক ডক্টর মোহাম্মদ মাহবুব আলম।

তাছাড়া বক্তব্য রাখেন ইংরেজি বিভাগের প্রভাষক মোঃ আনোয়াউজ্জামান, সমাজ বিজ্ঞান বিভাগের প্রভাষক তাপস রশিদ, বিজ্ঞান বিভাগের সহকারি অধ্যাপক মোহাম্মদ মহিতুর রহমান, সহকারি অধ্যাপক গোলাম সরোয়ার মিঠু, কলেজের শিক্ষক সমিতির সেক্রেটারি সাইদুর রহমান, ক্রীড়া শিক্ষক সাঈদ হিরন অনুষ্ঠানটি পরিচালনা করেন সহকারী অধ্যাপক শরীয়তউল্লাহ।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কলেজের শিক্ষক মন্ডলীসহ শিক্ষার্থীবৃন্দ। অনুষ্ঠান শেষে জাতির পিতা বঙ্গবন্ধু ও তার পরিবারের শহীদদের রুহের মাগফেরাত কামনা করে দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়।

আলমডাঙ্গা বঙ্গবন্ধুর স্বদেশ

প্রত্যাবর্তন দিবস পালিত

আলমডাঙ্গা উপজেলা ও পৌর আওয়ামীলীগের উদ্দ্যোগে বঙ্গবন্ধুর স্বদেশ পত্যাবর্তন দিবস পালিত হয়েছে।

দিবসটি উপলক্ষে সকাল ৯ টায় দলীয় কার্যালয়ে জাতীয় সংগীতের তালে তালে জাতীয় পতাকা, দলীয় পতাকা উত্তোলন শেষে বঙ্গবন্ধুর প্রকৃতিতে পুস্পমাল্য অর্পণ করা হয়। বেলা সাড়ে ১০টায় দলীয় কার্যালয়ে আওয়ামীলীগ অফিসে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের সাবেক সহ-সভাপতি প্রশান্ত অধিকারি।

তিনি বলেন ১৯৭১ সালের ২৫ মার্চ রাতে পাকিস্তানিরা বাঙ্গালীদের হত্যা করতে অপারেশন সার্চলাইট নামে হত্যা জজ্ঞ চালায়। সেদিন বঙ্গবন্ধুকে গৃহবন্দি করে রাখে।বঙ্গবন্ধু বুঝতে পারেন পাকিস্থানীরা তাকে হত্যা করতে টারে,বা আটক করতে পারে। তাই তিনি স্বাধীনতার ঘোষনা পত্র লিখে পাঠিয়ে দেন। ২৬ তারিখে বঙ্গবন্ধুকে সেনাবাহিনি আটক করে নিয়ে যান।সেদিন চট্রগ্রাম কালুর ঘাট বেতার কেন্দ্র থেকে বঙ্গবন্ধুর নামে স্বাধীনতার ঘোষনা পাঠ করেন আওয়ামীলীগ নেতা আব্দুল হান্নান। পরবর্তিতে মেজর জিয়াকে দিয়েও ঘোষনাটি পাঠ কারনো হয়েছিল। এর পর দীর্ঘ ৯ মাস বঙ্গবন্ধুকে পাকিস্থানের কারাগারে বন্দি জীবন কাটাতে হয়েছে।তাকে কয়েকবার হত্যা করার পরিকল্পনা করার পরও হত্যা করতে পারে নি।এর পর দেশ স্বাধীন হলে বঙ্গবন্ধুকে পাক সেনারা মুক্তি দিলে প্রথমে লন্ডনে,পরে ভারত হয়ে ১০, জানুয়ারি তিনি বাংলাদেশে ফিরে আসেন।বঙ্গবন্ধু দেশে ফিরে মাটিতে লুটিয়ে পড়ে দেশের মাটি তার মাথায় মাখেন।বঙ্গবন্ধু বাংলাদেশকে এবং এই দেশের মানুশকে কতভাল বাসতেন তা বলে বোঝানো যাবে না।

অনুষ্টানে বিশেষ অতিথি ছিলেন জেলা আওয়ামীলীগের বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক সম্পাদক শহিদুল ইসলাম খান, জেলা আওয়ামীলীগের সাবেক সদস্য সিরাজুল ইসলাম,কাজী খালেদুর রহমান অরুন, উপজেলা আওয়ামীলীগের সহসভাপতি আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা, আনিসুজ্জামান মল্লিক, শাহ আলম মন্টু, হামিদুল ইসলাম আজম। উপজেলা আওয়ামীলীগের সাধারন

সম্পাদক ইয়াকুব আলী মাস্টারের উপস্থাপনায়,বক্তব্য রাখেন পৌর যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু, পৌর আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক সিরাজুল ইসলাম, বিশিষ্ঠ ব্যবসায়ী ও পৌর আওয়ামীলীগের সহ-সভাপতি আমিনুল ইসলাম অপু মোল্লা,দপ্তর সম্পাদক উৎপল।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন আওয়ামীলীগ নেতা সোনা মিয়া,, জাহাঙ্গীর হোসেন, খন্দকার মজিবুল হক, দ্বীনেশ কুমার, জহুরুল হক স্বপন, সরোয়ার হোসেন, শহিদুল ইসলাম,আব্দুল মালেক,যুবলীগ নেতা মনিরুজ্জামান হিটু,সয়ফাল,পাপন রহমান,আবু ডালিম, আব্দুর রশিদ, পিয়ার মোহাম্মদ কচি, মহাসিন কামাল, যুবলীগ নেতা আসাবুল হক ডিটু, সৈকত খান, পৌর ছাত্রলীগের সম্পাদক নাহিদ হাসান তমাল, কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল, ছাত্রলীগ নেতা হাসানুজ্জামান, আব্দুল্লাহ আল হোসাঈদ বাদশা, ইছানুর কবীর, সাকিব, সৈকত, সুরুজ, রকি, হাসান, সজিব, পিয়াস, রোমান।

এছাড়াও শ্রমিক নেতা রিয়াজ উদ্দিন,আব্দুল কুদ্দুস,আমিরুল ইসলাম,শাহাবুল হক, চুন্নু মিয়া, চপল মুন্সি, সেলিম,বঙ্গবন্ধু পরিষদের মানোয়ার হোসেন প্রমুখ। পরে দোয়া পরিচালনা করা হয়েছে। সাবেক পৌর কাউন্সিলর জাহিদুল ইসলাম, মামুন অর রশিদ হাসান। উপজেলা যুবলীগের সাবেক যুগ্ম আহবায়ক শাহিন রেজা শাহিন, উপজেলা কৃষকলীগের সভাপতি এম আজিজুল হক, যুবলীগ নেতা আসাদুল হক ডিটু,নেছার আহমেদ প্রিন্স, আরিফুল ইসলাম, বাইতুল, টাইগার, আনিস, রায়হান, সেলিম রেজা, ফারুক, রাজু, সুমন, হারুন অর রশিদ,সজিব, নিশান, সাইফুল, রফিকুল, রনি, সজিব, সনি প্রমুখ। পরে তবারক বিতরন করা হয়।

এ ছাড়াও আলমডাঙ্গা সরকারি ডিগ্রী কলেজ ও মহিলা ডিগ্রী কলেজে মিলাদ মাহফিল ও আলোচনা সভা অনুষ্টিত হয়েছে।

আলমডাঙ্গায় ৫ ব্যবসায়ীকে অর্ধ

লাখ টাকা জরিমানা

আলমডাঙ্গায় তিন ফসলি জমি থেকে মাটি কাটার অভিযোগে ৫ ব্যবসায়ীকে অর্ধ লাখ টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত। এ সময় সেখান থেকে মাটি কাটার যন্ত্র (ভেকু) ও মাটি পরিবহনের ট্রাক্টর অপসারণে করেছেন।

আজ বুধবার দুপুর ১ টার দিকে উপজেলার খাদিমপুর এলাকায় এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন উপজেলা সহকারী কমিশার (ভূমি) রেজওয়ানা নাহিদ।

অভিযুক্ত উপজেলার খাদিমপুর এলাকার মৃত নুর ইসলামের ছেলে জুয়েল রানা, মৃত হাবুল সর্দ্দারের ছেলে মানোয়ার হোসেন, মৃত সাদেক আলীর ছেলে আবুল কালাম, মৃত খলিল উদ্দিনের ছেলে টিকু, সানোয়ার মোল্লার ছেলে তুসার আলী।

জানা গেছে, উপজেলার খাদিমপুর এলাকায় ফসলি জমির মাঠে জুয়েল রানাসহ ৫ ব্যক্তি তিন ফসলি জমির উপরিভাগের মাটি কেটে ভাটায় বিক্রি করছে। এমন অভিযোগে গত কয়েকদিন পূর্বে গোকুলখালি ভুমি কর্মকর্তা ওই জমিতে ভেকু মেশিন দিয়ে মাটি কাটা বন্ধ করে দেন। তারা আবারো গোপনে ফসলি জমির উপরিভাগের মাটি কেটে বিক্রি শুরু করেন। সেই মাটি স্থানীয় ইট ভাটায় বিক্রি করা হয়।

বুধবার ভ্রাম্যমাণ আদালত সেখানে অভিযান চালিয়ে ৫ জন মাটি ব্যবসায়ীকে অর্ধ লাখ টাকা জরিমানা করেন । এদিকে প্রশাসনের উপস্থিতি টের পেয়ে জমির মালিক ও শ্রমিকেরা পালিয়ে যান।

দর্শনা প্রেসক্লাবে ডিউকের মৃত্যুতে শোক প্রকাশ

চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সদস্য ও বাংলাদেশ বেতারের জেলা সংবাদদাতা এবং চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত দৈনিক আকাশ খবর পত্রিকার

প্রকাশক জ্যেষ্ঠ সাংবাদিক এ্যাডভোকেট তছিরুল আলম মালিক ডিউকের মৃৃত্যুতে দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির পক্ষ থেকে শোক প্রকাশ করা হয়েছে।

আজ বুধবার সন্ধায় দর্শনা প্রেসক্লাব ভবনে প্রেসক্লাবের সভাপতি জাহিদুল ইসলামের সভাপতিত্বে উপস্থিত থেকে আলোচনা করেন, সাংবাদিক সমিতির সাধারন সম্পাদক আহসান হাবিব মামুন, সাবেক সভাপতি আওয়াল হোসেন, সাবেক সাধারন সম্পাদক ওসমান আলী, সাবেক সাধারন সম্পাদক চঞ্চল মেহমুদ।

এসময় সংক্ষিপ্ত আলোচনায় বলেন, এ্যাড. তছিরুল আলম মালিক ডিউক তিনি চুয়াডাঙ্গা জেলা শহর থেকে প্রকাশিত জনপ্রিয় দৈনিক আকাশ খবর পত্রিকার প্রকাশক, বাংলাদেশ বেতারের জেলা সংবাদদাতা, চুয়াডাঙ্গা ওয়াইছিয়া জামে মসজিদের সাধারণ সম্পাদক ও চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সদস্য ছাড়াও চুয়াডাঙ্গা জেলা জজ আদালতের আইনজীবী ছিলেন। তিনি গতকাল মঙ্গলবার (৯ জানুয়ারি) সকাল সাড়ে ৮টার দিকে শহরের টাউন মাঠের অপর পাশে অবস্থিত নিজ বাড়ীতে ইন্তেকাল করেন।

মৃত্যুকালে তিনি স্ত্রী, ১ ছেলে ও ১ মেয়ে সহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন। পরে বাদ মাগরিব তাদের পারিবারিক কবরস্থানে দাফনকাজ সম্পন্ন করা হয়।

তিনার মৃত্যুতে গভীর শোকপ্রকাশ সহ শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেছেন দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির নেতৃবৃন্দ।

প্রেসক্লাবের সাধারন সম্পাদক হানিফ মন্ডলের সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন, যুগ্ন সম্পাদক নজরুল ইসলাম, মনিরুজ্জামান সুমন, সাংবাদিক এফএ আলমঙ্গীর হোসেন, মোস্তাফিজুর রহমান কচি, হাসমত আলী, ওয়াসিম রয়েল, ইমতিয়াজ আহমেদ রয়েল, ফরহাদ হোসেন প্রমুখ।

সংসদ সদস্য হিসেবে শপথ নিলেন চুয়াডাঙ্গা দুটি আসনের এমপিরা

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে এলাকা ৭৯ চুয়াডাঙ্গা -১ আসনের আওয়ামী লীগের নবনির্বাচিত টানা চারচার বারের সংসদ সদস্য জেলা আওয়ামী লীগের সভাপতি ও বর্ষীয়ান রাজনীতিবিদ আওয়ামী লীগের মনোনীত নৌকার প্রতিকে বিজয়ী প্রার্থী বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন ও ৮০ চুয়াডাঙ্গা-২ সংসদীয় আসনের হাজী আলী আজগর টগর।

আজ বুধবার সকাল ১০টার সময় সংসদ ভবনের শপথকক্ষে এ শপথ অনুষ্ঠিত হয়।এ সময় নবনির্বাচিত সংসদ সদস্যদের শপথ বাক্য পাঠ করান জাতীয় সংসদের স্পিকার ড. শিরিন শারমিন চৌধুরী।

গত ৭ জানুয়ারি ২৯৯ আসনের নির্বাচন অনুষ্ঠিত হলেও ২৯৮ আসনের ফল বেসরকারিভাবে ঘোষণা করে ইসি। এর মধ্যে আওয়ামী লীগ ২২২, জাতীয় পার্টি ১১ এবং ওয়ার্কার্স পার্টি, জাসদ ও কল্যাণ পার্টি একটি করে আসনে নির্বাচিত হয়েছে। এ ছাড়া স্বতন্ত্র প্রার্থীরা জেতেন ৬২টি আসনে। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগ নিরঙ্কুশ জয় পেয়ে টানা চারবারের মতো সরকার গঠন করে।

৭৯ চুয়াডাঙ্গা ১ সংসদীয় আসনে নির্বাচিত হন আওয়ামী লীগ মনোনীত প্রার্থী সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন তিনি মোট ৯৬ হাজার ২শত ৬৬ ভোট পেয়ে বিজয়ী হন।এ নির্বাচনে তার নিকটতম প্রতিদ্বন্দ্বী স্বতন্ত্র প্রার্থী দিলীপ কুমার আগরওয়ালা ঈগল প্রতীকে ৭২ হাজার ৭ শত ৬৮ ভোট পান।

৮০ চুয়াডাঙ্গা ২ সংসদীয় আসনে নির্বাচিত হন আওয়ামী লীগ মনোনীত প্রার্থী হাজী মোঃ আলী আজগার টগর তিনি মোট ১ লাখ ৭ হাজার ৫৯ ভোট পেয়ে বিপুল ভোটে বিজয়ী হন।এ নির্বাচনে তার নিকটতম প্রতিদ্বন্দ্বী স্বতন্ত্র প্রার্থী আবু হাশেম রেজা ট্রাক প্রতীকে ৬০ হাজার ৮৩৪ ভোট পেয়েছিলেন।

গত ৭ জানুয়ারি রাতে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে বেসরকারিভাবে এ ফলাফল ঘোষণা করেন চুয়াডাঙ্গা-১ ও চুয়াডাঙ্গা-২ আসনের রিটার্নিং অফিসার জেলা প্রশাসক ড কিসিঞ্জার চাকমা।

আলমডাঙ্গায় মেয়াদোত্তীর্ণ ওষুধ বিক্রি, ২ ফার্মেসীর জরিমানা

আলমডাঙ্গা মেয়াদোত্তীর্ণ ও ফিজিশিয়ান স্যাম্পুল ওষুধ বিক্রি করায় দুই ফার্মেসীকে ২৫ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা সংরক্ষণ অধিদপ্তর। আজ বুধবার দুপুর ১২ টার দিকে উপজেলার জামজামি বাজার এলাকায় এ অভিযান চালানো হয়। জাতীয় ভোক্তা সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ এ অভিযানের নেতৃত্ব দেন।

তিনি জানান, আজ বুধবার দুপুরে জামজামি বাজার এলাকার ফার্মেসিগুলোতে অভিযান চালানো হয়। এ সময় মেয়াদোত্তীর্ণ ও ফিজিশিয়ান স্যাম্পুল ওষুধ বিক্রি করায় মেসার্স মালিতা ফার্মেসিতে ১০ হাজার ও মেসার্স আল্লারদান ফার্মেসীতে ১৫ হাজার টাকা করে মোট ২৫ হাজার টাকা জরিমানা করা হয়।

জাতীয় ভোক্তা সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ বলেন, ‘ জামজামি বাজারে এ দুটি ফার্মেসী মেয়াদোত্তীর্ণ ও ফিজিশিয়ান স্যাম্পুল ওষুধ বিক্রি করে আসছিল। এজন্য তাদের অর্থদণ্ড করা হয়েছে। এছাড়া মেয়াদ উত্তীর্ণ ওষধ গুলো জব্দ করে আগুনে পুড়িয়ে ফেলা হয়। জনস্বার্থে এ ধরণের অভিযান অব্যাহত থাকবে’। আইনশৃঙ্খলা রক্ষায় আলমডাঙ্গা থানা পুলিশের একটি দল অভিযানে সহযোগিতা করে বলেও জানান ভোক্তা অধিকারের এ কর্মকর্তা।

আলমডাঙ্গার পুটিমারী বাজারে

মুদি দোকানে চুরি

আলমডাঙ্গা উপজেলা পুটিমারী বাজারে আনিছ ষ্টোর নামে এক মুদি দোকানে তালা ভেঙ্গে নগত ও দেড় লাখ টাকার মালামাল চুরি করে নিয়ে গেছে।

আজ মঙ্গলবার মধ্যরাতে জেহালা ইউনিয়নের পুটিমারী বাজারে এ চুরির ঘটনা ঘটে। ওই ঘটনায় ভুক্তভোগী বাদি হয়ে আলমডাঙ্গা থানায় একটি সাধারণ ডায়েরি করেছে।

জানাগেছে, উপজেলার জেহালা ইউনিয়নের ছোট পুটিমারী গ্রামের আলী আসমানের ছেলে আনিছুর রহমান (৪০) তিনি পুটিমারী বাজারে মুদি দোকান ব্যবসা করেন। গতকাল সোমবার রাতে দোকানে তালা মেরে বাড়িতে চলে যায়। গভির রাতে চোরচক্রের সদস্যরা দোকানের তালা ভেঙে নগত টাকা ও মালামাল চুরি করে নিয়ে যায়।

আজ মঙ্গলবার সকালে দোকান মালিক আনিছুর দোকান খুলতেই তালা ভাঙা দেখতে পান। দোকানে প্রবেশ করেই মালামাল এলোমেলো ভাবে পড়ে রয়েছে ও দোকানের ক্যাশের তালা ভাঙা। এসব দেখে দোকান মালিক আনিছুর ভেঙে পড়ে। চুরির ঘটনায় আনিছুর বাদি হয়ে আলমডাঙ্গা থানায় সাধারণ ডায়েরি করেছেন।

আলমডাঙ্গায় ঈগল প্রতীকের কর্মীদের বিরুদ্ধে নৌকার কর্মীদের বাড়িতে হামলা অভিযোগ

আলমডাঙ্গায় সংসদ নির্বাচনের পরের দিন নাগদাহ গ্রামে ঈগল প্রতিকের কর্মীদের বিরুদ্ধে নৌকার কর্মীদের উপর দেশীয় অস্ত্রে হামলা ও ভাঙচুর এবং লুটপাটের অভিযোগ উঠেছে।

গতকাল সোমবার সকাল ৯ টার দিকে উপজেলার নাগদাহ গ্রামে এ ঘটনা ঘটে। ওই ঘটনার জের ধরে আজ মঙ্গলবার মধ্যরাতে আবারো নৌকার দুই

কর্মীর বাড়িতে পেট্রোল বোমা ও খড়ের গাদায় আগুনের ঘটনা ঘটেছে। খবর পেয়ে আলমডাঙ্গা থানাপুলিশ ও ঘোলদাড়ি ফাঁড়ি পুলিশের যৌথ টিম ঘটনাস্থলে উপস্থিত হয়ে পেট্রোল বোমা উদ্ধার করে। ওই ঘটনার পরপরই এলাকাজুড়ে থমথমে বিরাজ করছে।

স্থানীয় ও প্রত্যক্ষদর্শীরা জানান, গত ৭ জানুয়ারি রবিবার চুয়াডাঙ্গা ১ আসনে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনকে ঘিরে নাগদাহ দক্ষিণপাড়া গ্রামে আওয়ামীলীগের নৌকা ও স্বতন্ত্র ঈগল প্রতিকের দুই প্রার্থীর পক্ষে ওই এলাকার পৃথক কর্মীরা নির্বাচনি প্রচার-প্রচারণা করেন। পক্ষ-বিপক্ষে অংশ নেওয়া ও মতবিরোধের কারণে দু’গ্রুপে নির্বাচনি বিরোধ সৃষ্টি হয়। এরই সূত্র ধরে- গতকাল সোমবার সকালে ঈগল প্রতিকের কর্মী মৃত করিম মোল্লার ছেলে ইকরামুল মোল্লা (৪৬), পচা মোল্লা (৫১), ইদ্রিস মোল্লা (৪০) একই এলাকার আওয়ামীলীগের নৌকার কর্মী সাগর হুসাইন
(৩৫) এবং তার পরিবারের উপর দেশীয় অস্ত্র (রামদা) নিয়ে হামলা চালায়।

এসময় ঈগল প্রতিকের কর্মীদের সমর্থনে হামলায় অংশ নেয় খাইরুল মোল্লার ছেলে শামিম মোল্লা (২৬), রায়হান মোল্লা (২১), মৃত দিন মোহাম্মদের ছেলে মিলন মোল্লা (৩৪), ইকরামুল মোল্লার ছেলে সুমন মোল্লা (২৮), সোহেল মোল্লক (২৪), আবু বক্করের ছেলে জাহাঙ্গীর বিশ্বাস (৩২), পচা মোল্লার ছেলে আলিহিম মোল্লা (২৬), রব্বানি মোল্লার ছেলে ইমরান মোল্লা (২৬), জনি মোল্লা (৩২), মৃত আদম বিশ্বাসের ছেলে কটু বিশ্বাস (৩৮), আলাউদ্দিন বিশ্বাসের ছেলে লতিফ বিশ্বাস (৪০), মৃত মোজাহার বিশ্বাসের ছেলে মাহাবুল বিশ্বাস (৪০), মৃত বরকতের ছেলে শওকত আলী (৫৫)। ওই ঘটনার সময় নৌকার কর্মী সাগর হুসাইনের বাড়িতে হামলা চালিয়ে ভাঙচুর ও লুটপাট করে। এছাড়াও আজ মঙ্গলবার মধ্যরাতে প্রতিবেশী হাবিবুর রহমানের বাড়িতে হামলা চালিয়ে খড়ের গাদায় আগুন লাগিয়ে দেয়।

এবিষয়ে ভুক্তভোগী সাগর হুসাইন জানান, নির্বাচন কেন্দ্রীক ইকরামুল মোল্লা গং তারা ঈগল প্রতিকে নির্বাচনের জন্য চাপ দেয়। আমি নৌকার একজন কর্মী। এছাড়া আমার মহল্লার অনেকে ছেলুন জোয়ার্দ্দারের সমর্থনকারী। সেই হিসেবে এ মহল্লার নৌকার বিপরীতে ভোট না করায় তারা বিভিন্ন হুমকি দিতে থাকে।

তিনি আরো বলেন, গতকাল সোমবার সকাল ৯ টার দিকে ঈগল প্রতিকের প্রার্থী হেরে যাওয়ায় ১৫-২০ জন ঈগল প্রতিকের কর্মীরা আমার বাড়িতে

জোরপূর্বক দেশীয় অস্ত্র নিয়ে হামলা করে। আমি পালিয়ে ঘরের দরজা বন্ধ করে দিলেও দরজায় রামদা দিয়ে কোপ মারে। এতে আমি আমার পরিবারসহ মহল্লাবাসী নিরাপত্তাহীনতায় ভুগছি। এছাড়া আজ মঙ্গলবার মধ্যরাতে আমার বাড়ির রান্না ঘরের টিনের উপর পেট্রোল বোমা রেখে যায়। এছাড়া প্রতিবেশী নৌকা কর্মী রবিউলের বসতবাড়িতে থাকা খড়ের গাদায় আগুন লাগিয়ে দেয়।

আরেক ভুক্তভোগী হাবিবুর রহমান জানান, আজ মঙ্গলবার রাতে পরিবার নিয়ে ঘরে ঘুমিয়েছিলাম।হঠাৎ রাত ১ টার দিকে কয়েকজন লোকের উপস্থিত টের পাই। গতকাল সোমবারের ঘটনার কারণে আমরা কেউ বাইরে বের হয়নি। পরে প্রতিবেশীদের চিৎকারে বাইরে বেরিয়ে খড়ের গাদায় আগুন দেখতে পায়।

তিনি আরো বলেন, গতকাল সোমবার সকালে ঈগল প্রতিকের কর্মীরা সাগরের নিকট হামলা চালালে আমি প্রতিবাদ করি। ওই একারণেই আমার বাড়িতে অগ্নিকান্ডের ঘটনাটি ঘটিয়েছে।

আলমডাঙ্গা ঘোলদাড়ি ফাঁড়িপুলিশের আইসি গোলাম হোসেন জানান, গতকাল সোমবারের ঘটনায় অভিযুক্তদের বিরুদ্ধে মামলা করেছে। ওই মামলায় বাদি পক্ষ জামিন নিয়েছে। তবে, আজ মঙ্গলবার রাতে পেট্রোল বোমা উদ্ধার ও অগ্নিকান্ডের ঘটনায় ভুক্তভোগীরা কেউ এখন পর্যন্ত লিখিত কোন অভিযোগ করেনি।

চুয়াডাঙ্গা মাদকবিরোধী অভিযানে ফেনসিডিল সহ আটক ১

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখা (ডিবি) কর্তৃক মাদক বিরোধী অভিযানে ৫৩ (তিপ্পান্ন) বোতল ফেন্সিডিল ও মাদক বহনকারী মোটরসাইকেল সহ এক জনকে গ্রেফতার করেছে চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখা।

চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান, পিপিএম-সেবা দিকনির্দেশনায় জেলা পুলিশের সকল ইউনিটে একযোগে মাদক বিরোধী

অভিযান পরিচালিত হচ্ছে। তারই ধারাবাহিকতায় জেলা গোয়েন্দা শাখা (ডিবি) কর্তৃক মাদক বিরোধী অভিযানে চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জ মোঃ ফেরদৌস ওয়াহিদ নেতৃত্বে এসআই (নিঃ) শিহাব উদ্দিন, এসআই(নিঃ) সাজ্জাদ হোসেন, এসআই(নিঃ)সুমন্ত বিশ্বাস, এসআই(নিঃ) মুহিদ হাসান, এএসআই(নিঃ) রমেন কুমার,এএসআই(নিঃ) রজিবুল হক জেলা গোয়েন্দা শাখার ফোর্সসহ মাদক বিরোধী অভিযানে মঙ্গলবার সকাল সাড়ে নয়টার সময় চুয়াডাঙ্গা সদর থানাধীন ভিমরুল্লা নতুন শাহী মসজিদের সামনে দামুড়হুদা টু চুয়াডাঙ্গাগামী পাকা রাস্তার উপর হতে ধৃত আসামী দামুড়হুদা থানার কুতুবপুর মাঝেরপাড়ার মৃত তোফাজ্জেল হোসেনের ছেলে আসামি মোঃ ওয়ালিদ হোসেন(৪২) গ্রেফতার পূর্বক আসামীর হেফাজত হতে অবৈধ মাদকদ্রব্য ৫৩ (তিপ্পান্ন) বোতল মাদকদ্রব্য ফেন্সিডিল, যার মূল্য অনুমান-১,০৬,০০০ টাকা ও মাদক বহনকারী লাল-কালো রংয়ের Discover-125cc মোটরসাইকেল উদ্ধার পূর্বক জব্দ করে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে চুয়াডাঙ্গা সদর থানায় নিয়মিত মামলা রুজু করা হয়।

কার্পাসডাঙ্গায় মেসার্স ন্যাশনাল ট্রেডার্সের শুভ উদ্বোধন

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা সাইকেল বাজারে নিজস্ব ন্যাশনাল ট্রেডার্সের প্রতিষ্ঠানে মিলাদ মাহফিলের আয়োজন করা হয়েছে।

আজ মঙ্গলবার (৯ জানুয়ারি) বিকাল ৪ টার সময় এই মিলাদ মাহফিলের আয়োজন করা হয়।

এসময় উপস্থিত ছিলেন ন্যাশনাল ট্রেডার্সের সত্বাধীকারি শ্রী শম্ভু গোপাল বসু, আরো উপস্থিত ছিলেন কবি সাহিত্যিক রবিউল হোসেন শুকলাল, আশরাফুল হক, সহ কার্পাসডাঙ্গা বাজারের সমস্ত ক্ষুদ্র

কাচামালের ব্যবসায়ী বৃন্দরা সহ আরো অনেকে।

এসময় রবিউল হোসেন শুকলাল বলেন কার্পাসডাঙ্গা বাজারে একটি একটি হিমাগার খোলা হচ্ছে, এখানে আলু পেয়াজ রসুন ফল জাতীয় দ্রবাদী সহ সমস্ত কাচামাল এই হিমাগারে রাখা যাবে। তিনি আরো বলেন এই ন্যাশনাল এর মাধ্যমে ভারত থেকে আমদানি কৃত আলু পেয়াজ রসুন শুকনা মরিচ সহ আদা বিভিন্ন কাচামাল দেশের বিভিন্ন জেলায় সরবরাহ করা হবে। যাতে করে মানুষ সাশ্রয়ী হয়।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সাংবাদিক সালাউদ্দিন।